গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর বাস্তবায়নাধীন **"বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়)"** প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিএসসি) ১ম সভার কাযবিবরনী।

সভাপতি : কে এম আব্দুস সালাম
সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

সভার স্থান : মন্ত্রনালয়ের সভাকক্ষ

সভার তারিখ : ০১/০৯/২০২০ খ্রি:

সভার উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেয়া হ'ল।

উপস্থাপনাঃ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি প্রকল্প পরিচালক-কে সভার কার্যপত্র অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। সভাপতির নির্দেশক্রমে প্রকল্প পরিচালক প্রকল্পের নিম্নোক্ত মূল কার্যক্রম এবং বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

**২.১। প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ ও প্রধান কার্যক্রম:**

| | | |
|---|---|---|
| ১। | প্রকল্পের নাম | "বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়)" |
| ২। | প্রকল্পের মেয়াদ | মূল মেয়াদ:<br>০১ জানয়ারি ২০১৮ থেকে ৩০ ডিসেম্বর ২০২০ |
| ৩। | প্রকল্পের স্থান | ঢাকা(উত্তর ও দক্ষিন সিটি কর্পোরেশন) , চট্টগ্রাম (চট্টগ্রাম ও কক্সবাজার সিটি কর্পোরেশন), খুলনা (খুলনা সিটি কর্পোরেশন), রাজশাহী (রাজশাহী সিটি কর্পোরেশন), রংপুর (রংপুর সিটি কর্পোরেশন, হারাগাছি উপজেলা, পীরগঞ্জ উপজেলা), বরিশাল (বরিশাল সিটি কর্পোরেশন), সিলেট (জাফলংসহ সিলেট সিটি কর্পোরেশন), ময়মনসিংহ (ময়মনসিংহ সিটি কর্পোরেশন), ফরিদপুর (ফরিদপুর পৌর/সিটি কর্পোরেশন), কুমিল্লা (কুমিল্লা সিটি কর্পোরেশন)। |
| ৪। | প্রকল্পের ব্যয় | ২৮৪৪৯.০৮ লক্ষ |
| ৫। | প্রকল্পের মূল কার্যক্রম | ➤ ১ লক্ষ শিশু কে ৬ মাস ব্যাপি উপানুষ্ঠানিক শিক্ষা (NFE) এবং ৪ মাস ব্যাপি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ (STD) প্রদানের মাধ্যমে ঝুঁকিপূর্ণ পেশা হতে প্রত্যাহার করা হবে।<br>➤ উপানুষ্ঠানিক শিক্ষা ও কারিগরি প্রশিক্ষণ গ্রহণকালে নির্বাচিত শিশুশ্রমিকদের প্রত্যেককে প্রতি মাসে এক হাজার টাকা করে বৃত্তি প্রদান করা হবে।<br>➤ প্রশিক্ষিত সেরা ১০% অর্থাৎ ১০ হাজার শিশুশ্রমিককে আত্ন-কর্মসংস্থানের জন্য এককালীন ১৫ হাজার টাকা সিড-মানি প্রদান করা হবে, যার মাধ্যমে শিশু ও তার পরিবার আয়বর্ধন কর্মসূচিতে অন্তর্ভুক্ত হতে পারবে। |

২.২। **প্রকল্প বাস্তবায়ন পদ্ধতি:** প্রকল্পটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় এনজিও কর্তৃক বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছে।

২.৩। **বিশেষ প্যাকেজ:** প্রযোজ্য নয়।

২.৪। **অন্যান্য:** প্রকল্পটি ঝুঁকিপূর্ণ পেশায় নিয়োজিত শিশুশ্রম নিরসনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

২.৫। **প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতিঃ** প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি ২৮৪৪৯.০৮ লক্ষ্য টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২০ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ০৮/০৫/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে এবং ০৮/০৭/২০১৮ তারিখে প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে। প্রকল্পের মোট ক্রমপুঞ্জিভূত অগ্রগতি ১৩২.৮১ লক্ষ টাকা বা .৪৭% এবং ভৌত অগ্রগতি ১%।

০৩। **আলোচনা ও সিদ্ধান্তঃ** সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র/নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | প্রকল্পের এনজিও নিয়োগের কাজ দ্রুত সম্পাদনের নিমিত্ত Proposal Evaluation Committee (PEC) সভা আহবান করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রকল্পের এনজিও নিয়োগের কাজ দ্রুত সম্পাদন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও প্রকল্প পরিচালক |
| ৩.২ | প্রকল্পে প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়নের বিষয়টি অন্তর্ভুক্ত থাকায় এ প্রকল্পের পিআইসি ও পিএসসি কমিটিতে NSDA এর ০১ জন প্রতিনিধি-কে অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | প্রকল্পে প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়নের বিষয়টি অন্তর্ভুক্ত থাকায় পিআইসি ও পিএসসি কমিটিতে NSDA এর ০১ জন প্রতিনিধি-কে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও প্রকল্প পরিচালক |
| ৩.৩ | প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১/০১/২০২১ হতে ৩১/১২/২০২২ তারিখ পর্যন্ত ০১ বছর বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১/০১/২০২১ হতে ৩১/১২/২০২২ তারিখ পর্যন্ত ০১ বছর বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ৩.৪ | প্রকল্পের যাবতীয় হিসাব সংরক্ষণের নিমিত্তে অস্থায়ী ভিত্তিতে ০১ জন হিসাবরক্ষককে উক্ত প্রকল্পে সংযুক্ত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রকল্পের যাবতীয় হিসাব সংরক্ষণের নিমিত্তে অস্থায়ী ভিত্তিতে ০১ জন হিসাবরক্ষককে উক্ত প্রকল্পে সংযুক্তি প্রদান করতে হবে। | মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) |

| | | | |
|---|---|---|---|
| ৩.৫ | ২০২০-২১ অর্থ বছরের এডিপি বরাদ্দ (১৫০৭ লক্ষ) অনুযায়ী প্রকল্পের বার্ষিক ক্রয় ও কর্ম পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | ২০২০-২১ অর্থ বছরের এডিপি বরাদ্দ (১৫০৭ লক্ষ) অনুযায়ী প্রকল্পের বার্ষিক ক্রয় ও কর্ম পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ৩.৬ | প্রকল্পের নিয়মিত পিআইসি ও পিএসসি সভা আহবান করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | প্রকল্পের নিয়মিত পিআইসি ও পিএসসি সভা আহবান করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন)ও প্রকল্প পরিচালক |

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
০৮/০৯/২০২০
কে এম আব্দুস সালাম
সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
ও
সভাপতি
প্রজেক্ট স্টিয়ারিং কমিটি